

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, খুলনা
বিভাগীয় কর্মকর্তার দপ্তর
www.dotkhulna.div.gov.bd
বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, খুলনা



নম্বর: ২৪.০২.৪৭০০.০০০.৪০.০০১.২০.৩৯

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭
২৮ সেপ্টেম্বর ২০২০

প্রাপক:

মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর

বিষয়: শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ প্রসঙ্গে।

জনাব / মহোদয়,

উপর্যুক্ত বিষয় প্রতি দৃষ্টি আকর্ষণ করতঃ জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা কার্যক্রমের ৫. সুশাসন প্রতিষ্ঠা এর ৫.১ শুদ্ধাচার সংক্রান্ত নিম্ন লিখিত উত্তম চর্চা সমূহ অত্র কার্যালয়ে যথাযথ ভাবে পালন করা হয়।

১। সরকার নির্ধারিত সময় অনুযায়ী আমরা অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগের বিষয়ে সচেষ্টি থাকিঃ- অফিসে সঠিক সময়ে আসা যাওয়ার কারণে আমাদের অফিসে কোন কাজ পেন্ডিং থাকে না। ফলে স্টেকহোল্ডারগণ যথা সময়ে সঠিক সেবা পেয়ে থাকেন।

২। আমাদের অফিস ধুমপান মুক্তঃ- ধুমপান মুক্ত অফিস হওয়ার কারণে অফিসের পরিবেশ ভাল থাকে। এ ছাড়া সামাজিকভাবে আমাদের অফিস বদঅভ্যাস মুক্ত থাকে।

৩। অপ্রয়োজনে লাইট ফ্যান চালু রাখা হয় নাঃ- বিদ্যুৎ আমাদের জাতীয় সম্পদ। বিদ্যুৎ সাশ্রয় করা সরকারি কর্মচারী হিসাবে আমাদের দায়িত্ব ও কর্তব্য। এতে শুধু বিদ্যুৎ অপচয় রোধ হয় না সেই সাথে সরকারের টাকা অপচয় রোধ হয়।

৪। পরিস্কার পরিচ্ছন্নতার ব্যাপারে আমরা সচেষ্টি থাকিঃ- পরিস্কার পরিচ্ছন্নতার কারণে আমাদের অফিসে মশা মাছির উপদ্রব নেই বললেই চলে। পরিস্কার পরিচ্ছন্নতার কারণে আমাদের অফিস একটি স্বাস্থ্য সম্মত অফিসে পরিণত হয়েছে।

৫। অফিসে আমরা রাজনৈতিক কোন আলাপ আলোচনা করি নাঃ- সরকারি বিধি মোতাবেক সরকারি অফিসে রাজনৈতিক কোন আলাপ আলোচনা নিষিদ্ধ। সরকারি বিধি মোতাবেক আমরা অফিসে রাজনৈতিক আলাপ আলোচনা করি না। এর কারণে রাজনৈতিক ঘটনা নিয়ে আমাদের অফিসে অনাঙ্খিত হিংসা, বিদ্বেষ ও কথা কাটাকাটি হয় না। আমরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দিক নির্দেশনা ও বিধি বিধান অনুযায়ী অফিস পরিচালনা করি।

৬। স্বাস্থ্য বিধি প্রতিপালনঃ- করোনা মহামারির সময়ে সরকারের স্বাস্থ্য নিতিমালা/দিকনির্দেশনা স্বাস্থ্য বিধি মেনে অত্র কার্যালয় পরিচালিত হচ্ছে।

যাহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হইল।

আপনার বিশ্বস্ত,



২৮-৯-২০২০

মোঃ নিজাম উদ্দিন

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সহকারী পরিচালক (জরিপ), বঙ্গ অধিদপ্তর